

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 02-01-2026

Desk in Charge:- SDG

Time: 1-40 PM

Compiling :- SDG / Raktim B.

DEO: AG

NRT : Raktim B.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

- ১/ এস আই আর প্রক্রিয়ার শুনানি পর্বে প্রান্তিক ও পিছিয়ে পড়া শ্রেণির মানুষদের অন্তর্ভুক্তি নিশ্চিত করতে বিশেষ সুবিধা দেওয়ার কথা ঘোষণা করেছে নির্বাচন কমিশন।
- ২/ হ্যাম রেডিওর মাধ্যমে আসন্ন গঙ্গাসাগর মেলায় নতুন ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করা হবে।
- ৩/ অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার রূখতে নতুন বছরের শুরুতেই স্টেট অ্যান্টিবায়োটিক অ্যাকশন প্ল্যান চালু করতে চলেছে রাজ্য সরকার।
- ৪/ আগামী দু'দিনে দক্ষিণবঙ্গের ন্যূনতম তাপমাত্রা ২ থেকে ৩ ডিগ্রি বাড়বে বলে আবহাওয়া দফতর জানিয়েছে।
- ৫/ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা আগামীকাল অসমের মুখোমুখি হবে।

এনিউমারেশনের পর SIR প্রক্রিয়ার শুনানি পর্বেও প্রাতিক ও পিছিয়ে পড়া শ্রেণির মানুষদের অন্তর্ভুক্তি নিশ্চিত করতে বিশেষ সুবিধা দিয়েছে নির্বাচন কমিশন। যৌনকর্মী, বিশেষভাবে ঝুঁকিপূর্ণ আদিবাসী গোষ্ঠী (পিভিটিজি), আশ্রমের আবাসিক ও একই ধরনের অবস্থায় থাকা ব্যক্তিদের শুনানি প্রক্রিয়ায় বাড়তি সহায়তা দেওয়ার কথা বলে এক নির্দেশিকা জারি করা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের এবিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, কোনও কারণে যদি সংশ্লিষ্ট ব্যক্তিরা ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে সংযুক্তির প্রামাণ্য নথি পেশ করতে না পারেন, সেক্ষেত্রে জেলা নির্বাচনী আধিকারিককে সরাসরি সংশ্লিষ্ট এলাকা, বসতি বা প্রতিষ্ঠানে গিয়ে ব্যক্তিগতভাবে ঘাচাই করতে হবে। সেখানে প্রকাশ্য শুনানি বা তদন্ত করে বয়ান ও অন্যান্য প্রাসঙ্গিক প্রমাণ সংগ্রহ করতে হবে। পুরো প্রক্রিয়া ভিডিওগ্রাফির মাধ্যমে নথিভুক্ত করার পাশাপাশি ঘাচাই শেষে যোগ্য ব্যক্তিদের একটি তালিকা তৈরি করতে বলা হয়েছে। এছাড়াও সংশ্লিষ্ট এলাকার বুথ লেভেল এজেন্টদের মতামত, আপত্তি বা সম্মতিও শুনানি প্রক্রিয়ার অংশ হিসেবে নথিভুক্ত করতে হবে। এই পুরো প্রক্রিয়ার ভিত্তিতে প্রস্তুত করা ঘাচাই করা তালিকা পাঠাতে হবে ERO ও AERO দের কাছে। আইন অনুযায়ী সংশ্লিষ্ট এনুমারেশন ফর্ম নিষ্পত্তির সময় এই নথিপত্রের প্রমাণমূল্য বিবেচনা করার নির্দেশও দেওয়া হয়েছে।

পঁচাশি উর্ধ্ব নাগরিকদের জন্য বাড়িতে গিয়ে তথ্য ঘাচাইয়ের বিজ্ঞপ্তি জারি করলেও বিএলও'রা সেই বার্তা পৌঁছে না দিলে কড়া পদক্ষেপ করা হবে বলে জানিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন, এক্ষেত্রে বিএলও সুপারভাইজারদের দায়িত্ব রয়েছে।

গত সন্ধ্যায় ডিইও, ইআরও, এইআরও'দের সঙ্গে একটি ভিডিও কনফারেন্স করেন সিইও মনোজ কুমার আগরওয়াল। সুত্রের খবর, সেই বৈঠকে পঁচাশি উর্ধ্বদের শুনানি কেন্দ্রে হাজির হওয়া নিয়ে বিএলও সুপারভাইজারদের ভূমিকা নিয়ে আলোচনা হয়। শুধু পঁচাশি উর্ধ্ব প্রবীণ নাগরিক নয়, কোনও গুরুতর অসুস্থ ব্যক্তি, যাঁর পক্ষে

শুনানি কেন্দ্রে আসা সম্ভব নয় তাঁদেরও বাড়িতে গিয়ে শুনানি করতে হবে বলে বৈঠকে জানিয়ে দিয়েছেন সিইও। ভিডিও কনফারেন্সে শুনানি পর্বের নথি কী ভাবে আপলোড করা হবে, কী ভাবে সেগুলি যাচাই হবে, নথি যাচাইয়ে অনলাইনের ব্যবহার করখানি বাড়ানো সম্ভব তা নিয়ে নির্বাচন কমিশনের দিল্লির আইটি সেলের উপস্থিতিতে বিশদে আলোচনা হয়।

এদিকে, আগেই জানানো হয়েছে, কলকাতা হাইকোর্টের নির্দেশে বাতিল হওয়া কোনও OBC সাটিফিকেট, এসআইআরের কাজে ব্যবহার করা যাবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক-এর দপ্তর থেকে জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী SIR সংক্রান্ত শুনানির সময় কোন্ কোন্ ওবিসি শংসাপত্র গ্রহণযোগ্য হবে, সে বিষয়ে স্পষ্ট উল্লেখ করা হয়েছে। সেই অনুযায়ী ২০১০ সালের আগে জারি হওয়া এবং হাইকোর্টে চ্যালেঞ্জ না হওয়া ওবিসি শংসাপত্রগুলি আইনত বৈধ হিসেবে গণ্য হবে। একইসঙ্গে নির্বাচন কমিশনের অনুমোদিত নথির তালিকাভুক্ত ২০১০ সালের পর জারি হওয়া এবং হাইকোর্টের অন্তর্বর্তী নির্দেশে স্থগিতাদেশ না থাকা শংসাপত্রগুলি শর্তসাপেক্ষে বিবেচিত হতে পারে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জেলা নির্বাচনী আধিকারিক, ইত্তারও এবং এইতারও-দের নির্দেশ দেওয়া হয়েছে, শুনানির সময় কোনও নথি গ্রহণের ক্ষেত্রে আদালতের নির্দেশ এবং নির্বাচন কমিশনের রূপরেখা কঠোরভাবে মানতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট শংসাপত্রের সত্যতা যাচাইয়ের জন্য অতিরিক্ত নথি তলব করা যাবে। পাশাপাশি, ভবিষ্যতে আদালতের কোনও নতুন নির্দেশ এলে সেই অনুযায়ী প্রক্রিয়ায় পরিবর্তন আনা হবে বলেও জানানো হয়েছে।

হ্যাম রেডিওর মাধ্যমে গঙ্গাসাগর মেলায় যুক্ত হচ্ছে নতুন ডিজিটাল প্রযুক্তি। যাত্রী নিরাপত্তা ও জরুরি পরিষেবা আরও মজবুত করতেই এই উদ্যোগ। এতদিন ওয়েস্ট

বেঙ্গল রেডিও ক্লাবের হ্যাম অপারেটররা গঙ্গাসাগর মেলায় অ্যানালগ রেডিও ব্যবহার করে হারিয়ে যাওয়া পুণ্যার্থী ও গুরুতর অসুস্থ ব্যক্তিদের তথ্য অস্থায়ী কন্ট্রোল রুমের মাধ্যমে দেশজুড়ে পৌঁছে দিতেন। এবার সরাসরি হ্যান্ডসেট থেকেই বার্তা, এমনকি এসএমএস পাঠানো যাবে।

রেডিও তরঙ্গের নতুন ডি এম আর প্রযুক্তির মাধ্যমে কোন সার্ভিস প্রোভাইডারের সাহায্য ছাড়াই সরাসরি বার্তা বিনিময়ের ব্যবস্থা থাকছে এবার সাগর মেলায়। হ্যাম রেডিও বিশেষজ্ঞ অস্বরিশ নাগ বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, এই ব্যবস্থার মাধ্যমে বিশ্বের যে কোন প্রান্তে সরাসরি নির্দিষ্ট জায়গায় দুর্ঘটনা, নিখোঁজ অথবা গুরুতর অসুস্থ হ্বার খবর পৌঁছে দেওয়া সম্ভব হবে যার ফলে আরও দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পারবেন কর্তৃপক্ষ।

(বাইট- অস্বরিশ নাগ)

সংসদের উভয় কক্ষে সদ্য পাশ হয়েছে গ্রামীণ ভারতে ১২৫ দিন কাজের গ্যারান্টি বিল বিকশিত ভারত - গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ বিল), ভিবিজি রাম জি বিল ২০২৫। দেশে প্রাচীনতম খড়গপুর আইআইটি-র অধিকর্তা সুমন চক্রবর্তী, বিলটিকে অত্যন্ত সময়োপযোগী বলে বর্ণনা করেছেন। আইআইটির মত প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়ন কর্মসূচীর মাধ্যমে কাজের সুযোগের ক্ষেত্রে গ্রামাঞ্চলের কর্ম প্রার্থীদের এক ধাপ এগিয়ে দিতে পারে, যার ফলে এইসব মানুষের জীবনযাত্রার মান এক নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার প্রয়াস সম্ভব।

কেন্দ্রীয় রাসায়নিক ও সার বিষয়ক মন্ত্রী জে পি নাড়া সারের ভর্তুকি প্রক্রিয়াকরণের সুবিধার্থে ই-বিল ব্যবস্থাপনার উন্নোধন করেছেন। এর ফলে, প্রায় ২ লক্ষ কোটি টাকার ভর্তুকি প্রদানের কাজে সুবিধা হবে। নতুন দিল্লিতে গতকাল এক অনুষ্ঠানে

ভাষণ দিতে গিয়ে মন্ত্রী বলেন, এই অনলাইন সিস্টেম স্বচ্ছ, দক্ষ এবং প্রযুক্তি-চালিত ব্যবস্থাকে শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মন্ত্রী বলেন, সমন্বিত ই-বিল সিস্টেমে আর্থিক ক্ষেত্রে আরও উন্নত হবে। এই ব্যবস্থাপনায় প্রক্রিয়ার প্রতিটি ধাপ রেকর্ড করা থাকবে। ফলত, জালিয়াতি বা কোনও তথ্য অপব্যবহারের ঝুঁকিও হ্রাস পাবে। নতুন চালু হওয়া এই ব্যবস্থাপনা, কাগজ-ভিত্তিক প্রক্রিয়া থেকে সম্পূর্ণ ডিজিটাল, সিস্টেম-টু-সিস্টেম কাজের ক্ষেত্রে একটি দৃষ্টান্তমূলক পরিবর্তন সাধন করবে বলেও মন্ত্রী আশা প্রকাশ করেন।

নতুন বছরে দাঁড়িয়ে ফিরে তাকালে দেখা যায় বর্তমান কেন্দ্রীয় সরকার উন্নত ভারত গড়ে তুলতে নিয়েছে বহু পদক্ষেপ। যার মধ্যে দেশের রেল যোগাযোগ ব্যবস্থা অন্যতম।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল- কাশফিন)

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের আরামবাগ ও মায়াপুর স্টেশনের মাঝে সীমিত উচ্চতার সাবওয়ে (LHS) কাজের জন্য এবং তারকেশ্বর স্টেশনে ফুট ওভার ব্রিজ উদ্বোধনের জন্য শনি, রবি ও আগামী সোমবার নির্দিষ্ট সময় ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। আগামীকাল তিনটি, রবিবার ১২ টি এবং আগামী সোমবার ৩ টি লোকাল ট্রেন বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার রুখতে নতুন বছরের শুরুতেই ‘স্টেট অ্যান্টিবায়োটিক অ্যাকশন প্ল্যান’ চালুর পথে রাজ্য সরকার। আগামী ৯ই জানুয়ারি স্বাস্থ্য দপ্তর-সহ একাধিক দপ্তরের পদস্থ আধিকারিকদের উপস্থিতিতে ঢাকা এক উচ্চ পর্যায়ের বৈঠকেই রাজ্যস্তরের অ্যাকশন প্ল্যানের খসড়া চূড়ান্ত হতে পারে বলে স্বাস্থ্যদপ্তর সূত্রে খবর। কোন কোন অ্যান্টিবায়োটিকের নির্বিচার ব্যবহার সাধারণ মানুষের জন্য বিপজ্জনক হয়ে উঠছে, তা চিহ্নিত করা হয়েছে।

পাশাপাশি হাসপাতালের ইনডোর, আউটডোর, সিসিইউ ও আইসিইউ-তে কোন অ্যান্টিবায়োটিক কীভাবে ব্যবহার করা যাবে এবং কোনগুলির ব্যবহারে অবিলম্বে নিয়ন্ত্রণ জরুরি, তা নিয়েও স্পষ্ট নির্দেশিকা রাখা হয়েছে রাজ্যের প্রস্তাবিত নীতিতে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সাম্প্রতিক মন কি বাত- অনুষ্ঠানে এন্টিবায়োটিকের ব্যবহার সম্পর্কে মানুষকে সচেতন থাকার পরামর্শ দিয়েছিলেন।

দক্ষিণ ২৪ পরগণার বারঞ্চিপুর থানার খাসমল্লিক এলাকায় একটি ভাড়া বাড়ি থেকে বিপুল সংখ্যক পাসপোর্ট উদ্বারকে কেন্দ্র কের চাপ্পল্য ছড়িয়েছে। এই ঘটনায় দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। উদ্বার হওয়া পাসপোর্টগুলির মধ্যে এরাজ্যের পাশাপাশি বিহার ও ওড়িশার বাসিন্দাদের পাসপোর্টও রয়েছে। ধৃত মেহবুব মোল্লা মগরাহাট এবং প্রীতম বসু নরেন্দ্রপুরের বাসিন্দা। প্রায় ৭/৮ মাস ধরে তারা ঐ বাড়িটি ভাড়া নিয়ে থাকছিল বলে জানা গেছে। এত সংখ্যক পাসপোর্ট কিভাবে সেখানে এল, তা খতিয়ে দেখছে পুলিশ।

বর্ধমানের কাপ্তনগরে পিকনিক করতে গিয়ে ডিভিসির জলে ডুবে এক যুবকের মৃত্যু হয়েছে। দীপঙ্কর শীল নামে ঐ ব্যক্তি, রথতলা এলাকার বাসিন্দা। জানা গেছে, এক বন্ধুকে বাঁচাতে গিয়ে দীপঙ্কর তলিয়ে যায়। দীর্ঘক্ষণ খোঁজাখুজির পরও তার সন্ধান মেলেনি। সন্ধ্যার দিকে কিছুটা দূরে তার দেহ উদ্বার হয়।

পূর্ব মেদিনীপুরের ময়না থানা এলাকায় সুদামপুরে গতকাল পুরুর থেকে এক ব্যক্তির দেহ উদ্বারের ঘটনায় চাপ্পল্য ছড়িয়ে পড়েছে। সুরত অধিকারী নামে ঐ ব্যক্তি গত ২৮শে ডিসেম্বর পাশের গ্রামে এক অনুষ্ঠান দেখতে গিয়ে নিখোঁজ হয় বলে পরিবারের অভিযোগ। মৃতদেহ ময়না তদন্তের জন্য পাঠিয়েছে পুলিশ।

দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থানায় মহিলা হোমগার্ডের বুলন্ট দেহ উদ্ধারের ঘটনায় ধৃত সাব ইঙ্গেস্ট্রির সায়ন ভট্টাচার্যকে পাঁচ দিনের পুলিশ হেফাজত দিয়েছে আদালত।

উত্তর ২৪ পরগনার বসিরহাটের স্বরূপনগর থানা এলাকা থেকে তাঁকে পাকড়াও করা হয়।

উল্লেখ্য, গত শনিবার সন্ধ্যায় ক্যানিং থানার পুলিশ কোয়ার্টার থেকে উদ্ধার হয় মহিলা হোমগার্ড গুলজান পারভিন মোল্লা ওরফে রেশমির দেহ। দক্ষিণ ২৪ পরগনার জীবনতলা থানার বাসিন্দা ছিলেন তিনি।

পূর্ব বর্ধমানের গগসির জয়কৃষ্ণপুরে ঝণভাতে জর্জরিত এক ভাগচমাগীর বুলন্ট দেহ উদ্ধারের ঘটনায় এলাকায় শোকের ছায়া। বেসরকারি সংস্থা থেকে দুলক্ষ টাকা ঝন নিয়ে চার বিষ্ণা জমিতে আমন চাষ করেছিলেন ৬০ বছরের জলদর বাপ। এরপর চাসে লোকসান হওয়ায় ঝণ শোধ করা নিয়ে তিনি দুশ্চিন্তায় ছিলেন বলে পরিবারের দাবি। তার দেতেই তিনি আত্মাত্তী হয়েছেন বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে।

জলপাইগুড়ির ময়নাগুড়ি বাজারে আজ সকালে আগুন লাগলে, বারোটি দোকান ভস্মীভূত হয়ে যায়। দমকলের তিনটি গাড়ি প্রায় আড়াই ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহতের খবর নেই। কীভাবে আগুন লাগল তা খতিয়ে দেখা হচ্ছে।

আবহাওয়া দণ্ডের পূর্বাভাস অনুযায়ী আগামী দু'দিনে দক্ষিণবঙ্গের ন্যূনতম তাপমাত্রা দুই থেকে ৩ ডিগ্রি পর্যন্ত বাঢ়তে পারে। তবে উত্তরবঙ্গের তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না। আজ দক্ষিণবঙ্গের সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে সিউড়িতে ৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা তিন দশমিক তিন ডিগ্রি কম। উত্তরবঙ্গে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে রায়গঞ্জে নয় দশমিক পাঁচ ডিগ্রি

সেলসিয়াস, এটিও স্বাভাবিকের থেকে তিন দশমিক তিন ডিগ্রি কম। দার্জিলিং পাহাড় এলাকায় আজ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। কোচবিহারে আজ সকালে ঘন কুয়াশা ছিল। মালদা, পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা ও পশ্চিম বর্ধমান জেলাতেও সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল।

বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা আগামীকাল অসমের মুখোমুখি হবে। রাজকোটের সানোসারা ক্রিকেট গ্রাউন্ড বি-তে খেলা শুরু হবে সকাল ৯ টায়।

প্রতিযোগিতায় বাংলা এখনও পর্যন্ত চার ম্যাচে তিনটি জয় পেয়ে ১২ পয়েন্ট সংগ্রহ করেছে। অন্যদিকে, অসম চার ম্যাচে একটিতে জিতে চার পয়েন্ট পেয়েছে। বাংলা নিজেদের গত ম্যাচে জম্মু-কাশ্মীরকে হারিয়ে দিয়েছিলো। অন্যদিকে, অসম তাদের গত ম্যাচে উত্তরপ্রদেশের কাছে পরাজিত হয়।

মহিলাদের অনূর্ধ্ব ১৫ এলিট একদিনের ট্রফি ক্রিকেটে আজ প্রথম ম্যাচে জয় দিয়ে শুরু করলো বাংলা। ত্রিবান্দ্রামের সেন্ট জেভিয়ার্স KCA ক্রিকেট মাঠে, বাংলা বিহারকে ১০ উইকেটে হারিয়ে দিয়েছে। বাংলা টসে জিতে প্রথমে বল করার সিদ্ধান্ত নেয়। বিহার ৩০ ওভার ১ বলে মাত্র ৫৩ রানে অলআউট হয়ে যায়। বিহারের তেজস্বনী সর্বোচ্চ ২৪ রান করেন। বাংলার অরিকস্থা মাঝা ও মিঞ্চা বাগ ৩ টি করে এবং রেমন্দিনা খাতুন ও সালমা খাতুন ১ টি করে উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে ৬ ওভার ৫ বলে কোনও উইকেট না হারিয়েই প্রয়োজনীয় লক্ষ্যে পৌঁছে যায় বাংলা। ওপেনার শাইলা সেনাপতি ৩৪ ও স্নেহা মাহাতো ১৬ রানে অপরাজিত থাকেন।
